

ফরিদপুরে বারি মাসকলাই-৩ ও ৪ জাতের উৎপাদন-প্রযুক্তি শীর্ষক মাঠ দিবস ও কৃষক সমাবেশ

swadhinshomoy

15th Jan 2026 3:57 pm | অনলাইন সংস্করণ [Print](#)



নিরঞ্জন মিত্র (নিরু) (ফরিদপুর জেলা প্রতিনিধিঃ

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ফরিদপুর সরেজমিন গবেষণা বিভাগের উদ্যোগে, পদ্মা নদীর দুই তীরবর্তী দুর্গম বালুচরে বারি মাসকলাই-৩ ও ৪ জাতের উৎপাদনশীলতা ও উৎপাদন-প্রযুক্তি নিয়ে শীর্ষক মাঠ দিবস ও কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র মাদারীপুরের সক্ষমতা বৃদ্ধি এবং বৃহত্তর বরিশাল, ফরিদপুর অঞ্চলের ডাল ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের অর্থায়নে, (১৪ জানুয়ারি) বুধবার বিকেলে সদর উপজেলার ডিক্রিচর এলাকায় এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

মাদারীপুর আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র (বিএআরআই) এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক ড. সেলিম আহমেদের সভাপতিত্বে, কৃষক সমাবেশ অনুষ্ঠানে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন ঈশ্বরদী ডাল গবেষণা কেন্দ্র, (বিএআরআই) এর পরিচালক ড. মোঃ মোখলেসুর রহমান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, ফরিদপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোহাম্মদ খয়ের উদ্দিন মোল্লা, গাজীপুর ডাল গবেষণা উপকেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ শামীম হোসেন মোল্লা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. একে এম মাহাবুব উর রহমান।

আরও বক্তব্য রাখেন, মাদারীপুর আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র (বিএআরআই) এর বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ মামুনুর রশীদ, ফরিদপুর মসলা গবেষণা উপকেন্দ্রের বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ মুশফিকুর রহমান প্রমুখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ফরিদপুর সরেজমিন গবেষণা বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ মাহমুদুর রহমান।

মাঠ দিবসে সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ হুমায়ুন কবির সহ উপসহকারী কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট বৈজ্ঞানিক সহকারীবৃন্দ এবং প্রায় দুই শতাধিক কৃষাণ-কিষাণী উপস্থিত ছিলেন।

ডাল চাষী রাসেল সিকদার বলেন, গত বছর পরিষ্কামূলক বারি মাসকলাই-৩ জাতের চাষ করেছিলাম। এতে অনেক লাভ হয়েছে। এই বছর বারি মাসকলাই-৩ ও ৪ জাতের আবাদ করেছি। আশাকরি এই বছর অধিক লাভ হবে। বারি মাসকলাই চাষে আমার সাফল্য দেখে এলাকার অনেক কৃষকই এবার তাদের জমিতে চাষ করছে।

মাঠ দিবস অনুষ্ঠানে অংশগ্রহনকারী কৃষকগণ ফরিদপুর সরেজমিন গবেষণা বিভাগের তত্ত্বাবধানে, তাদের আবাদকৃত বারি মাসকলাই-৩ ও ৪ এর প্রতি কৌতুহলী হন এবং এর আবাদে সুবিধা-অসুবিধা, আয়-ব্যয় ইত্যাদি সম্বন্ধে সম্যক ধারণা লাভ করেন। মাসকলাই-৩ ও ৪ জাতটির সন্নিবেশনের প্রতি আগ্রহ প্রকাশ করেন।

কৃষকরা জানায়, পদ্মার নতুন চরাঞ্চলে কৃষকদের সাফল্যের পিছনে রয়েছে, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ফরিদপুর সরেজমিন গবেষণা বিভাগ।

সমাবেশে বারি মাসকলাই-৩ ও ৪

জাত সম্বন্ধে বিস্তারিত বর্ণনা দেন উপস্থিত অতিথিবৃন্দ। এসময় অংশগ্রহনকারী কৃষকগণের বিভিন্ন প্রশ্নের উত্তর আমন্ত্রিত অতিথিবৃন্দ প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে বলেন,

আমাদের দেশের জন্য মাশকলাই ডাল শুধু অর্থকরী ফসল নয়, এটি একটি গুরুত্বপূর্ণ পুষ্টি উপাদান। এই ডালে রয়েছে উচ্চমাত্রার প্রোটিন, মিনারেল ও ভিটামিন, যা সাধারণ মানুষের পুষ্টি চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। আধুনিক প্রযুক্তি ও সঠিক চাষাবাদ পদ্ধতি অনুসরণ করলে খুব সহজেই কম খরচে অধিক ফলন পাওয়া সম্ভব। কৃষকরা এই ধারণা নিতে পারলেই দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা সহজ হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাদারীপুর আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র (বিএআরআই) এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক ড. সেলিম আহমেদ। তিনি তার বক্তব্যে বলেন, মাশকলাই ডাল একটি উচ্চ পুষ্টিমানসম্পন্ন ডাল ফসল। এতে রয়েছে প্রোটিন, ফাইবার, আয়রন ও ভিটামিন-বি, যা শরীরকে সুস্থ রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এটি হজমশক্তি বাড়ায়, বলবর্ধক হিসেবে কাজ করে এবং হৃদরোগ ও ডায়াবেটিস নিয়ন্ত্রণে সহায়তা করে।

ফরিদপুরে বারি মাশকলাই-৩ ও ৪ জাতের উৎপাদন-প্রযুক্তি শীর্ষক মাঠ দিবস ও কৃষক সমাবেশ